জনতা ব্যাংক পিএলসি.
উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

আইসিটি ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।
Website: www.jb.com.bd

সূত্র: আইটি সিকিউরিটি/ সতর্কতা চিঠি/ফিশিং সাইট/০১-২০২৬

তারিখ: ০৫/০২/২০২৬

সকল নির্বাহী/ কর্মকর্তা/ কর্মচারী
জনতা ব্যাংক পিএলসি.

**বিষয়: ভুয়া ফিশিং ওয়েবসাইট (www.jonotabd.com) সংক্রান্ত জরুরি সতর্কীকরণ।**

প্রিয় সহকর্মীবৃন্দ,

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে www.jonotabd.com নামক একটি ভুয়া ওয়েবসাইট জনতা ব্যাংকের নাম, লোগো ও পরিচয় ব্যবহার করে সাধারণ জনগণকে ঋণ (Loan) প্রদান করার মিথ্যা প্রলোভন দেখাচ্ছে। উক্ত ওয়েবসাইটটি সম্পূর্ণভাবে প্রতারণামূলক (Phishing Website) এবং এর সঙ্গে জনতা ব্যাংক পিএলসি. এর কোনো ধরনের সম্পর্ক নেই।

প্রতারণার অংশ হিসেবে উক্ত ওয়েবসাইটের মাধ্যমে ঋণ আবেদনকারীদের নিকট থেকে **আবেদনকৃত ঋণের উপর "জামানত ফি" বিকাশ/নগদ/রকেট এর মাধ্যমে পাঠাতে বলা হচ্ছে, যা সরাসরি আর্থিক প্রতারণার শামিল।**

এই প্রেক্ষিতে জনতা ব্যাংকের সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীকে নিম্নবর্ণিত বিষয়ে কঠোরভাবে সতর্ক করা হলো:

- উক্ত ওয়েবসাইট বা এর কোনো কার্যক্রমের সঙ্গে জনতা ব্যাংকের কোনো সম্পৃক্ততা নেই, এ মর্মে গ্রাহক ও সাধারণ জনগণকে স্পষ্টভাবে অবহিত করতে হবে।
- কোনো অবস্থাতেই উক্ত ওয়েবসাইট, লিংক বা সংশ্লিষ্ট কোনো তথ্য শেয়ার বা প্রচার করা যাবে না।
- গ্রাহক বা তৃতীয় পক্ষ এ বিষয়ে জিজ্ঞাসা করলে শুধুমাত্র ব্যাংকের অনুমোদিত অফিসিয়াল ওয়েবসাইট, শাখা ও নির্ধারিত চ্যানেল ব্যবহার করে ব্যাংকিং তথ্য গ্রহণের পরামর্শ দিতে হবে।
- কোনো ব্যাংক কর্মচারী/ কর্মকর্তা যদি উক্ত ওয়েবসাইট বা অনুরূপ ভুয়া প্ল্যাটফর্ম প্রচার, সহায়তা বা সংশ্লিষ্টতায় জড়িত থাকেন, তা গুরুতর শৃঙ্খলাভঙ্গ হিসেবে গণ্য হবে এবং ব্যাংকের প্রচলিত শৃঙ্খলামূলক বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।
- এ ধরনের ভুয়া ওয়েবসাইট, ফিশিং লিংক বা প্রতারণামূলক কর্মকান্ড সম্পর্কে যেকোনো তথ্য অবিলম্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/ IT Procurement, Security, Compliance & Maintenace Department এর IT Security Cell-কে অবহিত করতে হবে।

ব্যাংকের সুনাম, গ্রাহকের আস্থা এবং আর্থিক নিরাপত্তা রক্ষার্থে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য।

শ্রদ্ধান্তে।

মোহাম্মদ আনিস
মহাব্যবস্থাপক

**প্রধান কার্যালয় ঃ** ১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Website: www.jb.com.bd, SWIFT : JANBBDDH
ফোনঃ +৮৮ ০২-২২৩৩৮০০২৯, ০২-২২৩৩৮০০৪২, ০২-২২৩৩৮৫০৪২, ফ্যাক্স ঃ +৮৮-০২-২২৩৩৮৪৬৪৪